১৫. তিব্বতের ধর্মীয় নেতাকে বলা হয়-
ক. পোপ খ. ভিক্ষু গ. দালাইলামা ঘ. কনফুসিয়াস

ব্যাখ্যা: তিব্বতের ধর্মীয় নেতাকে দালাইলামা বলে।
• বর্তমান ১৪ তম দালাইলামা তেনজিন গিয়াতসো।
সঠিক উত্তর : গ.

১৬. একাডেমি এওয়ার্ড জয়ী ফারেনহাইট ৯/১১ ছবিটির পরিচালক-
ক. ক্লিন্ট ইষ্টউড খ. মাইকেল মুর
গ. আর্থার মিলার ঘ. জেমস ক্যামেরুন

ব্যাখ্যা: ৮৯ তম একাডেমী এওয়ার্ড জয়ী ছবি -
La La Land এর পরিচালক Damien Chazelle.
সঠিক উত্তর : খ.

১৭. BIMSTEC - বলতে বোঝায়-
A. Bangladesh, India, Malaysia, Singapore, Thailand Economic Co-operation.
B. Bangladesh, India, Myanmar, Sri-Lanka, Thailand, Economic Co-operation.
C. Burma, India, Maldives, Sri Lanka, Thailand Economic Co-operation.
D. Burma, India, Malaysia, Sri Lanka, Thailand Economic Co-operation.

ব্যাখ্যা: BIMSTEC - Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Co-operation.
• BIMSTEC এর সদস্য - বাংলাদেশ, ভারত, শ্রীলংকা, থাইল্যান্ড, মিয়ানমার, নেপাল, ভুটান।
• BIMSTEC এর সদর দপ্তর - ঢাকা, বাংলাদেশ।
• BIMSTEC এর পূর্ব নাম - Bangladesh, India, Myanmar, Srilanka, Thailand, Econimic Co-operation.
সঠিক উত্তর : খ.

১৮. ২০০৮ সালে অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে-
ক. সিউলে খ. আমস্টারড্যামে গ. বেইজিংয়ে ঘ. মিউনিখে

ব্যাখ্যা: • ২০০৮ সালে অলিম্পিক গেমস অনুষ্ঠিত হয় চীনের বেইজিং।
• ২০১৬ সালে অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে ব্রাজিলের রিওডি জেনিরোতে।
সঠিক উত্তর : গ.

১৯. কোন দেশগুলো ২০০৫ সালে ঢাকায় অনুষ্ঠিত সার্ক সম্মেলনে পর্যবেক্ষক মর্যাদা লাভ করেছিল?
ক. মায়ানমার ও চীন খ. মায়ানমার ও জাপান
গ. চীন ও মালয়েশিয়া ঘ. চীন ও জাপান

ব্যাখ্যা: বিভিন্ন সংস্থার পর্যবেক্ষক -
জাতিসংঘ - ভ্যাটিকান সিটি ও ফিলিস্তিন।
ওআইসি (OIC) - বসনিয়া ও হার্জেগোভিনা, থাইল্যান্ড, রাশিয়া।
ন্যাম (NAM)-১৭ টি, গুরুত্বপূর্ণ-চীন, ব্রাজিল, কোস্টারিকা, মেক্সিকো ইত্যাদি।
আরবলীগ - ব্রাজিল, ইরিত্রিয়া, ভারত ও ভেনেজুয়েলা।
সার্ক (SAARC) - চীন, জাপান, যুক্তরাষ্ট্র, দ. কোরিয়া, ইরান, মরিশাস, মিয়ানমার, অস্ট্রেলিয়া ও ইউরোপীয় ইউনিয়ন।
সঠিক উত্তর : ঘ.

২০. CTBT এর পূর্ণরূপ-
ক. Complete Test Ban Treaty.
খ. Comprehensive Test Ban Treaty
গ. Chemical Test Ban Treaty
ঘ. Chlorine That Ban Treaty.

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০১১-২০১২) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (২৫) নং দেখ।
সঠিক উত্তর : খ.

২১. ইসরায়েলের লিকুদ দলটির বর্তমান নেতা-
ক. লেভি এস্কল খ. বেগিন গ. নেতানিয়াহু ঘ. এ্যারিয়েল শ্যারন

ব্যাখ্যা: ইসরাইলের লিকুদ পার্টির নেতা ও বর্তমান প্রধানমন্ত্রী - বেঞ্জামিন নেতানিয়াহু।
সঠিক উত্তর : গ.

২২. রাশিয়ার কোন অংশে চেচনিয়া অবস্থিত?
ক. সাইবেরিয়া খ. তাতারিস্থানে গ. কাস্পিয়ানে ঘ. ককেশাসে

ব্যাখ্যা: মুসলিম অধ্যুষিত চেচেনিয়া রাশিয়ার দক্ষিণে ককেশাস অঞ্চলে অবস্থিত। ১৯৯৪ সাল থেকে চেচেনিয়া স্বাধীনতার জন্য যুদ্ধ চালিয়ে আসছে।
সঠিক উত্তর : ঘ.

২৩. কোন বছর আমেরিকার স্বাধীনতা ঘোষনা করা হয়েছিল?
ক. ১৭৮৭ সালে খ. ১৯৮৯ সালে
গ. ১৭৭৬ সালে ঘ. ১৭৭৭ সালে

ব্যাখ্যা: • আমেরিকার স্বাধীনতা সংগ্রামের নায়ক ও আমেরিকার প্রথম প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটন ফিলাডেলফিয়ায় অবস্থিত ইনডিপেন্ডস হল এ প্রথম স্বাধীনতার ঘোষনা দেন ৪ জুলাই ১৭৭৬।
• ১৭৮০ সালে প্রথম ভার্সাই চুক্তির মাধ্যমে আমেরিকা যুক্তরাজ্যের কাছ থেকে স্বাধীনতা লাভ করে।
• যুব আমেরিকার শতবার্ষিকী উপলক্ষে ফ্রান্স ১৮৮৬ সালে যুক্তরাষ্ট্রকে "স্ট্যাচু অব লির্বাটি" উপহার দেয়।
সঠিক উত্তর : গ.

২৪. আল-জাজিরা স্যাটেলাইট টেলিভিশনের প্রধান সম্প্রচার কেন্দ্র কোথায় অবস্থিত?
ক. কুয়েত খ. ওমানে গ. কাতারে ঘ. বাহরাইনে

ব্যাখ্যা: • কাতারের দোহা ভিত্তিক স্যাটেলাইট টিভি চ্যানেল আলজাজিরা।
• ১ নভেম্বর ১৯৯৬ এ আল-জাজিরা প্রতিষ্ঠিত হয়।
• ২০০৩ সালে ইরাকে ইঙ্গ - মার্কিন হামলার সংবাদ পরিবেশনে চ্যানেলটি আলোচিত হয়ে ওঠে।
সঠিক উত্তর : ঘ.

২৫. বিশ্বের কোন নগরটি দুটি মহাদেশে বিস্তৃত?
ক. কায়রো খ. পারিস গ. লন্ডন ঘ. ইস্তাম্বুল

ব্যাখ্যা: তুরস্কের ইস্তাম্বুল নগরী একই সাথে এশিয়া ও ইউরোপে মধ্যে বিস্তৃত।
সঠিক উত্তর : ঘ.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০০৪-২০০৫

### বাংলা

০১. অপপ্রয়োগের দৃষ্টান্ত
ক. প্রতি ঘরে ঘরে খ. চরম দুরবস্থা
গ. উর্ধ্বমুখী ঘ. কথার ফুলঝুরি

ব্যাখ্যা ঃ (ক)-অপশনে "ঘরে ঘরে" অথবা 'প্রতিঘরে' হবে একই সাথে দুবার বহুবচন বোধক শব্দ বসে না।
সঠিক উত্তর ঃ ক.

০২. কোনটি শুদ্ধ শব্দগুচ্ছ?
ক. সমীচীন, হরীতকী, বাল্মীকি খ. সমীচীন, হরিতকী, বাল্মীকি
গ. সমিচীন, হরিতকী, বাল্মিকী ঘ. সমিচীন, হরিতকি, বাল্মিকি

সঠিক উত্তর ঃ খ.

০৩. আঁতাত, শব্দটি
ক. ইংরেজি খ. ফারসি গ. ফরাসি ঘ. স্প্যানিশ

ব্যাখ্যা ঃ বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর (১২) নং দেখ।
সঠিক উত্তর ঃ গ.

০৪. কোন বক্তব্যটি সঠিক?
ক. সাধু ভাষার কেবল তৎসম শব্দই ব্যবহৃত হয়
খ. সাধু ভাষার কোন তৎসম শব্দই ব্যবহৃত হয় না
গ. যে কোন ধরনের শব্দ সাধু ভাষা ও চলিত ভাষায় ব্যবহৃত হতে পারে
ঘ. সাধু ভাষায় দেশি শব্দ ব্যবহৃত হয় না

ব্যাখ্যা ঃ

| সাধু রীতি | চলিত রীতি |
|---|---|
| শুধু লৈখিক রূপ | লৈখিক ও মৌখিক উভয় রূপই আছে |
| ব্যাকরণের নিয়ম অনুসারে চলে | পরিবর্তনশীল |
| তৎসম শব্দ বহুল | তদ্ভব শব্দ বহুল |
| সর্বনাম ও ক্রিয়াপদের গঠন পদ্ধতি মেনে চলে | সর্বনাম ও ক্রিয়াপদের পরিবর্তিত ও সহজতর রূপ লাভ করে |

সঠিক উত্তর ঃ গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

০৫. 'He will make a good Player' এর বঙ্গানুবাদ
ক. সে ভালো খেলবে খ. সে ভালো খেলোয়াড় তৈরি করবে
গ. সে ভালো খেলোয়াড় হবে ঘ. সে একজন ভালো খেলোয়াড়

সঠিক উত্তর ঃ গ.

০৬. 'সেখানে কালো আর ফিকে সবুজ রং খেলা করছে মুহূর্তে মুহূর্তে।' বাক্যটি কোন রচনা থেকে নেওয়া হয়েছে?
ক. যৌবনের গান খ. হৈমন্তী
গ. সৌদামিনী মালো ঘ. বিলাসী

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ গ.

০৭. 'বিষহরির দোহাই বুঝি বা আর খাটে না।' এটি বোঝা গেল কখন?
ক. মৃত্যুঞ্জয়কে যখন সাপে কামড় দিল
খ. যখন মৃত্যুঞ্জয়কে শিকড়-বাকড় খাওয়ানো হল
গ. যখন মৃত্যুঞ্জয়কে হাতে মাদুলি বেঁধে দেওয়া হল
ঘ. যখন মৃত্যুঞ্জয় বমি করল

ব্যাখ্যা: সাপের কামড়ের ১৫/২০ মিনিট পরে মৃত্যুঞ্জয় বমি করলে ন্যাড়া প্রশ্নোক্ত কথাটি বলে।
সঠিক উত্তর ঃ ঘ.

০৮. কোন কবিতাটি কবির ছাত্রাবস্থায় মাধ্যমিক স্তরের পাঠ্য তালিকাভুক্ত হয়?
ক. আঠার বছর বয়স খ. বাংলাদেশ গ. কবর ঘ. বঙ্গভাষা

সঠিক উত্তর ঃ গ.

০৯. রবীন্দ্রনাথের সোনার তরীতে মূলত ব্যক্ত হয়েছে-
ক. মেঘের গর্জন খ. বর্ষার চিত্র
গ. কবির আনন্দ ঘ. কবির বেদনা

ব্যাখ্যা: 'সোনার তরী' কবিতায় নিবিড়ভাবে মিশে আছে কবির জীবনদর্শন ও মর্মবেদনা।
সঠিক উত্তর ঃ ঘ.

১০. 'অহ' শব্দের বিপরীতার্থক শব্দ
ক. সূর্য খ. গতি গ. অপর ঘ. রাত্রি

ব্যাখ্যা ঃ অহ শব্দের অর্থ দিন। আর দিন এর বিপর শব্দ রাত।
সঠিক উত্তর ঃ ঘ.

১১. 'আইনজীবী' শব্দটি কোন দুইয়ের যোগফল?
ক. তৎসম + ফারসি খ. আরবি +তৎসম
গ. তদ্ভব + তৎসম ঘ. তৎসম + আরবি

ব্যাখ্যা ঃ বিস্তারিত : ঢাবি (২০০৫-২০০৬) এর (০১) নং দেখ।
সঠিক উত্তর ঃ খ.

১২. ক্ষুদ্রার্থে 'ইকা' প্রত্যয়যোগে গঠিত
ক. নায়িকা খ. সেবিকা গ. মালিকা ঘ. শ্যালিকা

ব্যাখ্যা ঃ ক্ষুদ্রার্থে "ইকা" যোগে-
নাটক - নাটিকা, মালা - মালিকা, গীত - গীতিকা, পুস্তক - পুস্তিকা ইত্যাদি।
সঠিক উত্তর ঃ গ.

১৩. 'উপাচার্য' শব্দটি কোন সমাসসাধিত?
ক. উপপদ তৎপুরুষ খ. অলুক তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. প্রাদি তৎপুরুষ

সঠিক উত্তর ঃ ঘ.

১৪. সরল বাক্য কোনটি?
ক. যা করবার তা করেছি খ. তুমি যা বললে তাই ঠিক
গ. সে পরিশ্রমী বটে, কিন্তু নির্বোধ ঘ. তুমি অধম বলে আমি উত্তম হব না কেন?

ব্যাখ্যা ঃ বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর (১৪) নং দেখ।
সঠিক উত্তর ঃ ঘ.

১৫. নিপাতনে সিদ্ধ হয়ে সন্ধিবদ্ধ হয়েছে কোনটি?
ক. মৃন্ময় খ. বৃহস্পতি গ. বৃহদার্থ ঘ. আদ্যন্ত

ব্যাখ্যা ঃ স্বর সন্ধি এর নিপাতনে সিদ্ধ সন্ধি-
●কুল+অটা=কুলটা; গো+অক্ষ=গবাক্ষ এরূপ - প্রৌঢ়, অন্যান্য, মার্তণ্ড, ইত্যাদি।
ব্যাঞ্জন সন্ধি এর নিপাতনে সিদ্ধ সন্ধি-
●আ+চর্য=আশ্চর্য; বৃহৎ+পতি=বৃহস্পতি; এরূপ- গোষ্পদ, পরস্পর, একাদশ, পতঞ্জলি ইত্যাদি।
সঠিক উত্তর ঃ খ.

১৬. দ্বিগু সমাসে কোন পদের প্রাধান্য থাকে?
ক. পূর্বপদ খ. পরপদ
গ. উভয়পদ ঘ. অন্যপদ

ব্যাখ্যা: "সমাস" ব্যাকরণের একটি গুরুত্বপূর্ণ এবং বিশাল অংশ। আমরা শুধু মাত্র গুরুত্বপূর্ণ অংশগুলো আলোচনা করেছি। তারপরও বিস্তারিত জেনে নেওয়া উচিত

**দ্বন্দ্ব সমাস**

বিশেষ বৈশিষ্ট্যাবলীঃ-
১. পূর্ব পদ ও পরপদ একই বিভক্তি যুক্ত হয় এবং উভয় পদের অর্থের প্রধান্য থাকে। যেমন: রাস্তা ও ঘাট = রাস্তা ঘাট, এরূপ হাটবাজার, নয় ছয় ইত্যাদি।
২. পদ দুটি

| গঠন | উদাহরণ |
|---|---|
| বিশেষ্য+বিশেষ্য | আদব কায়দা, পথঘাট, হাত-পা |
| বিশেষণ+বিশেষণ | ভালমন্দ, চেনা-অচেনা, হাঁসি-কান্না |
| ক্রিয়াবিশেষ্য+ক্রিয়াবিশেষ্য | আসা যাওয়া, ওঠা বসা, লেখাপড়া |

৩. ব্যাসবাক্যের পূর্বপদ ও পরপদ এ 'এবং, ও, আর' এ তিনটি অব্যায় পদ দ্বারা যুক্ত হয়, যেমন: মাতা পিতা; আসল ও নকল ইত্যাদি

**দ্বিগু সমাস**

বিশেষ বৈশিষ্ট্যাবলীঃ-
১. পরপদের অর্থের প্রাধান্য থাকে যেমন; চৌ রাস্তার মিলন-চৌরাস্তা। এখানে মূলত পরপদ (রাস্তা) কে বোঝাচ্ছে, যার চার দিকেই রাস্তা আছে
২. প্রথম পদটি সংখ্যাবাচক এবং পরপদটি বিশেষ্য হয়
যেমন: তে (তিন) মাথার সমাহার=তে মাথা, নব (নয়) রত্নের সমাহার= নবরত্ন ইত্যাদি।
৩. দ্বিগু সমাসে সর্বদা সমষ্টি বা সমাহার বোঝায়। যেমন: শত অব্দের সমাহার-শতাব্দী; ত্রিফলের সমাহার-ত্রিফলা।

**কর্মধারয় সমাস**

বিশেষ বৈশিষ্ট্যাবলীঃ-
১. সমস্তপদে পরপদের অর্থের প্রাধান্য থাকে এবং প্রথম পদটি দ্বিতীয় পদটির বিশেষণ রূপে অবস্থান করে। যেমন:- নীল যে পদ্ম=নীলপদ্ম, এখানে প্রথম পদ নীল এবং পর পদ পদ্ম। এখানে ১ম অংশ 'নীল' রং কেই বোঝানো হচ্ছে না বরং দ্বিতীয় অংশকে বোঝানো হচ্ছে, আবার পদ্ম শব্দটির বিশেষণ হিসেবেও নীল শব্দটি ব্যবহৃত হচ্ছে
২. ব্যাসবাক্যের মাঝে যে বা যিনি থাকে, যেমন: কাঁচা যে কলা=কাঁচাকলা
৩. পূর্বপদ ও পরপদ নিচের কোন না কোনটির মত হয়ে থাকে

| গঠন | উদাহরণ |
|---|---|
| ক. বিশেষণ+বিশেষ্য | খাসমহল, কাঁচকলা |
| খ. বিশেষণ+বিশেষন | চালাকচতুর, নীললোহিত |
| গ. বিশেষ্য+বিশেষন | ঘনশ্যাম, গোলাপলাল |
| ঘ. বিশেষ্য+বিশেষ্য | খাঁন সাহেব, ঠাকুরমশাই, গোলাপফুল |

৪. ব্যাসবাক্যে মধ্যপদ লোপ পেলে মধ্যপদলোপী কর্মধারয় সমাস হবে। উদাহরণ: স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতি সৌধ, এরূপ, হাতঘড়ি, স্বর্ণমন্দির, সিংহাসন, অষ্টাদশ ইত্যাদি।
৫. উপমান - যার সাথে তুলনা দেয়া হয়
উপমেয় - যাকে তুলনা দেয়া হয়
সাধারণ ধর্ম - যে গুনের তুলনা দেয়া হয়

| উপমান | উপমিত |
|---|---|
| উপমান+সাধারণ ধর্ম | উপমান+উপমেয় |
| বিশেষ্য+বিশেষণ | বিশেষ্য+বিশেষ্য |
| উদা: তুষারশুভ্র, মিশকালো, অরুনরাঙা, কুসুমকোমল | উদা:- চন্দ্রমুখ, পুরুষ সিংহ, নরসিংহ ইত্যাদি |

৬. রূপক কর্মধারয় সমাস - উপমেয়ের মধ্যে অভিন্নতা বোঝাতে রূপক কর্মধারয় সমাস বসে।
যেমন - ক্রোধ রূপ অনল - ক্রোধানল এরূপ - কালসাপ, দিলদরিয়া, যৌবনসূর্য ইত্যাদি।

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## তৎপুরুষ সমাস

**বিশেষ বৈশিষ্ট্যাবলী :**

১. পরপদের অর্থের প্রাধান্য থাকে এবং পূর্বপদ থেকে বিভক্তি চিহ্ন লোপ পেয়ে যে সমাস হয় তা তৎপুরুষ সমাস।

যেমন: বিপদকে আপন্ন = **বিপদাপন্ন**; এখানে ১ম পদ 'বিপদ' কে বোঝানো হয়নি বরং বিপদে যে ব্যক্তি আপন্ন হয়েছে সে ব্যক্তিকে বোঝানো হয়েছে এবং এক্ষেত্রে পরপদের অর্থ প্রাধান্য পেয়েছে। এছাড়াও যেহেতু পূর্বপদ থেকে দ্বিতীয়া বিভক্তি লোপ পেয়েছে তাই এটি দ্বিতীয়া তৎপুরুষ সমাস।

২. ব্যাস বাক্যে 'ব্যাপিয়া' থাকলে ২য়া তৎপুরুষ সমাস। যেমন:- চিরকাল ব্যাপিয়া সুখী-চিরসুখী, এরূপ- **ক্ষণস্থায়ী, জীবনানন্দ।**

৩. ব্যাস বাক্যে 'জন্য বা নিমিত্ত' থাকলে ৪র্থী তৎপুরুষ সমাস হয়।

যেমন: বিয়ের জন্য পাগল-বিয়েপাগল, এরূপ: **বসতবাড়ি, আরামকেদারা**

৪. উপপদ তৎপুরুষ সমাস:- গৃহস্থ, **পঙ্কজ, ছেলেধরা, পাকেটমার, ধামাধরা** ইত্যাদি।

৫. নঞ তৎপুরুষ সমাস:- ব্যাস বাক্যের শুরুতে ন, নয়, নেই ইত্যাদির যে কোন একটি থাকলে এবং শেষে 'যে বা যার' না থাকলে নঞ তৎপুরুষ সমাস। যেমন: নয় ক্ষয় = অক্ষয় এরূপ-**অনেক, অনুচিত।**

৬. অলুক তৎপুরুষ সমাস: গায়ে পড়া, ঘিয়ে ভাজা, কলের গান।

**কিন্তু:- গায়ে হলুদ, হাতে খড়ি ইত্যাদি অলুক বহুব্রীহি সমাস**

## বহুব্রীহি সমাস

**বিশেষ বৈশিষ্ট্যাবলী:**

১. সমস্যমান পদগুলো না বুঝিয়ে অন্য পদকে বোঝালে তা বহুব্রীহি সমাস যেমন, **নীলকণ্ঠ** = নীল (বিষ) কণ্ঠে যার। এই শব্দ নীল বা কণ্ঠ কোনাটাই প্রধান বক্তব্য নয়, এখানে অন্য কাউকে বোঝাচ্ছে, অর্থাৎ- এক্ষেত্রে শিবকে বোঝাচ্ছে। কারন বিষ পানে শিব এর কণ্ঠই নীল হয়ে গিয়েছিল।

২. গুরুত্বপূর্ণ কয়েক প্রকার বহুব্রীহি সমাসের উদাহরণ-

ক. ব্যতিহার বহুব্রীহি:- ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি। যেমন: **হাতাহাতি, কানাকানি, হাসাহাসি, কোলাকুলি** ইত্যাদি।

খ. নঞ বহুব্রীহি:- শুরুতে ন, নয়, নেই ইত্যাদির যে কোন একটি থাকে এবং শেষে যে বা যার থাকলে নঞ বহুব্রীহি সমাস হয়। যেমন: নাই ঈমান যার- **বেঈমান,** এরূপ **নির্ভুল, নিরুপায়।**

গ. সংখ্যাবাচক বহুব্রীহি:- পূর্বপদ সংখ্যাবাচক পরপদ বিশেষ্য হলে সমস্তপদটি বিশেষণ বোঝালে তা সংখ্যাবাচক বহুব্রীহি যেমন:- চৌ (চার) চাল যার- **চৌচালা** এরূপ **দশগজি, তেপায়া**

৩. সাধারণত শেষে 'যে বা যার' ব্যবহৃত হয়। যেমন:- হত হয়েছে শ্রী যার-**হতশ্রী**

## অব্যয়ীভাব সমাস

**বিশেষ বৈশিষ্ট্যাবলী:**

১. পূর্ব পদে থাকা অব্যয়ের অর্থ প্রাধান্য পায়। এ সমাসের ব্যাসবাক্যে অব্যয় থাকে না কিন্তু সমস্তপদে থাকে। যেমন - জানু পর্যন্ত লম্বিত = আজানু লম্বিত। এরূপ: **আজন্ম, দুর্ভিক্ষ**

২. যেহেতু উপসর্গ এক প্রকারের অব্যয় তাই উপসর্গ যোগে সব শব্দই অব্যয়ীভাব সমাস: যেমন: **আমরণ, এরূপ, উপকূল, প্রতিদিন**

৩. এছাড়া ব্যাসবাক্যের শেষে, সমীপে, অভাব, পর্যন্ত, সাদৃশ্য, অনতিক্রম্যতা, বিরোধ অতিক্রান্ত, পশ্চাৎ, ইত্যাদি থাকে, যেমন: বেলাকে অতিক্রান্ত-**উদ্বেল**

**নিত্য সমাস ঃ আমরা, গ্রামান্তর, দর্শনমাত্র, কালসাপ।**

**সঠিক উত্তর ঃ খ.**

**১৭. Excise duty-র পরিভাষা কোনটি?**

ক. অতিরিক্ত কর খ. আবগারি শুল্ক
গ. অর্পিত দায়িত্ব ঘ. অতিরিক্ত কর্তব্য

**ব্যাখ্যা ঃ** Excise duty - আবগারি শুল্ক, Apartheid - বর্ণবৈষম্য, Appropriation - উপযোজন, Arbiter - মধ্যস্থ, Ancestor - পূর্বপুরুষ, Annexation - সংযোজন

**সঠিক উত্তর ঃ খ.**

**১৮. কারক নির্ণয়ে ভুল কোনটি?**

ক. বড় রাস্তা দিয়ে যাও।-- কর্মে তৃতীয়া
খ. রতনে রতন চিনে।-- কর্তায় সপ্তমী
গ. চিরদিন তোমারে চিনি।-- অধিকরণে শুন্য
ঘ. ভূতকে কিসের ভয়।-- অপাদানে দ্বিতীয়া

**ব্যাখ্যা ঃ** ক্রিয়াকে "কি দিয়ে" দ্বারা প্রশ্ন করলে করণ কারক পাওয়া যায়- বড় রাস্তা দিয়ে যাও - করণে তৃতীয়া হবে।

আরও বিস্তারিত : ঢাবি (২০১০-২০১১)এর (১৭) নং দেখ।

**সঠিক উত্তর ঃ ক.**

**১৯. 'গরমা-গরম' - এর বিশিষ্টার্থ কোনটি?**

ক. টাটকা খ. উত্তেজনাপূর্ণ
গ. সাম্প্রতিক ঘ. উত্তপ্ত

**সঠিক উত্তর ঃ ঘ.**

**২০. রাজা দুষ্মন্ত শকুন্তলাকে 'বনলতা' বলেছেন যে জন্যে-**

ক. শকুন্তলা বনবাসিনী বলে
খ. শকুন্তলা আশ্রমের গাছ ও লতার যত্ন নেয় বলে
গ. বনে অযত্নে থেকেও শকুন্তলা রূপবতী বলে
ঘ. শকুন্তলা বনে জন্ম নিয়েছে বলে

**সঠিক উত্তর ঃ গ.**

**২১. 'তবে বস্তু যে কী, তার জ্ঞান অনুভূতিসাপেক্ষ, তর্কসাপেক্ষ নয়।' বাক্যটির রচয়িতা**

ক. প্রমথ চৌধুরী খ. সৈয়দ ওয়ালীউল্লাহ
গ. মুহম্মদ আবদুল হাই ঘ. জহির রায়হান

**ব্যাখ্যা:** বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

**সঠিক উত্তর ঃ ক.**

**২২. 'বন্য-শ্বাপদ-সঙ্কুল জরা-মৃত্যু-ভীষণা ধরা'- এ চরণে পৃথিবীর রূপ বোঝাতে কয়টি বিশেষণ ব্যবহৃত হয়েছে?**

ক. দুটি খ. তিনটি গ. চারটি ঘ. পাঁচটি

**ব্যাখ্যা ঃ** "ধরা" বিশেষণকে বোঝাতে দুটি যৌগিক শব্দ ব্যবহার হয়েছে-
১. বন্য-শ্বপদ-সঙ্কুল-হিংস্র মাংসাশী জীবজন্তুতে পরিপূর্ণ
২.জরা-মৃত্যু-ভীষণা-বার্ধক্য ও মৃত্যু সমার্কীন ভয়ঙ্কর

**সঠিক উত্তর ঃ ক.**

**২৩. কোন কথার দৃষ্টান্ত বা বিস্তার বোঝাতে বসে**

ক. সেমিকোলন খ. ড্যাশ গ. কমা ঘ. হইফেন

**ব্যাখ্যা:** ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় প্রায়ই যতি চিহ্ন থেকে প্রশ্ন করা হয়। এখানে গুরুত্বপূর্ণ কিছু অংশ আলোচনা করা হল। তার পরেও বিস্তারিত: জেনে নেয়া ভাল।

**কমা (,)-**

- সম্বোধনের পর কমা বসে। যেমন-ছাত্ররা, মনোযোগ দিয়ে শোন।
- উদ্ধৃতি চিহ্নের আগে কমা বসে। যেমন-আমি বললাম,"সে ভাল আছে"।
- তারিখ লিখতে কমা বসে। যেমন-১লা বৈশাখ, সোমবার, ১৪২১।
- **বিরামের সময় - ১ বলতে যে সময় প্রয়োজন।**

**সেমিকোলন (;)-**

- একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখলে সেগুলোর মাঝখানে সেমিকোলন ব্যবহৃত হয়।

যেমন- আমি শুধু তামশা দেখছিলাম; দেখি কোথাকার জল কোথা গিয়ে পড়ে।

- বক্তব্য স্পষ্ট করার জন্য সমজাতীয় বাক্য পাশাপাশি প্রতিস্থাপন করলে সেমিকোলন ব্যবহৃত হয়।

যেমন- জীব হইয়াও জড়; যাহারা অটল সংস্কারের পাষাণ।

- **বিরামের সময় -১ বলার দ্বিগুন সময়।**

**কোলন (:)-**

- বাক্যে কোন প্রসঙ্গ, অবতারনার আগে কোলন বসে।

যেমন-শপথ নিলাম: পাশ করবই।

- নাটকের চরিত্রের পরে ও সংলাপের আগে।

যেমন- রাজা:কে কোথায় আছ।

- **বিরামের সময় -১ সেকেন্ড।**

**ড্যাশ ( – ) -**

- শূন্যস্থান পূরনের প্রশ্নে লুপ্ত জায়গায় ড্যাশ বসে।

যেমন-আমাদের মাতৃভাষা-

- কোন কথার দৃষ্টান্ত- বা বিস্তার বোঝাতে। বার্ধক্য তাহাই-যাহা পুরাতনকে মিথ্যাকে, মৃত্যুকে আঁকাড়িয়া পড়িয়ে থাকে।
- নাটক বা গল্প উপন্যাসে সংলাপের আগে: -হ গীত না তর মাথা
- বাক্য অসম্পূর্ণ থাকলে বাক্যের শেষে: বাবা গর্জিয়া উঠিলেন, "বটে রে–"
- **বিরামের সময় - ১ সেকেন্ড।**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

হাইফেন (-) -
•বাক্যে সমাসবদ্ধ পদ যদি থাকে তাহলে হাইফেন ব্যবহার হয়।
যেমন- হিতাহিত- জ্ঞান-শূণ্য লোকের সঙ্গে সম্পর্ক রাখা বিপজ্জনক।
•একই শব্দ পরপর দু-বার বসলে মাঝখানে হাইফেন ব্যবহার হয়।
যেমন- হাঁটতে -হাঁটতে পা ব্যাথা হয়ে গেল
•বিরামের সময়- থামার প্রয়োজন নেই।
উদ্ধরণ চিহ্ন (" ")
বক্তার প্রত্যক্ষ উক্তিকে অন্তর্ভূক্ত করতে এই চিহ্ন ব্যবহার হয়।
যেমন - শিক্ষক বললেন - "মানুষ হও"
•বিরামের সময় - এক উচ্চারণে যে সময় লাগে।
লোপ চিহ্ন (')
কোন বর্ণ বিশেষের লোপ বোঝাতে বিলুপ্ত বর্ণের জন্য (') লোপচিহ্ন বসে।
যেমন - পাগড়ি বাঁধা যাচ্ছে কা'রা?
•বিরামের সময় থামার প্রয়োজন নাই
সঠিক উত্তর ঃ খ.

২৪. 'কেউ কিছু বলছে না।' -বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি?
ক. কেউ কিছু না বলে পারছে না খ. কেউ কিছু বলছে
গ. কেউ কিছু বলবে ঘ. সবাই চুপচাপ
সঠিক উত্তর ঃ ঘ.

২৫. 'কপাল' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. চিকুর খ. ভাল গ. কপোল ঘ. খুলি
ব্যাখ্যা ঃ কপাল - অদৃষ্টি, ললাট, ভাল, খোলা, কর্পর, ভাগ্য।
সঠিক উত্তর ঃ খ.

## English

**Read the follwing pasage and then answer Questions 1-5 by choosing the correct option**

A shirt now a days may have complicated history. One may buy it in london and it can have a label saying 'Made in Bangladesh' but it may well have been made from chinese fabric, woven from Chinese yarn, spun from Chinese cotton or man-made fiber, Why, you may wonder, was the shirt not actually cut and sewn in China? We know they have scissor and sewing machines there and millions of nimble-fingered operators. After all, many of the other shirts in London shop hangers were indeed made in China.

The question is being asked with increasing urgency in China too, as well as Bangladesh, Sri Lanka, Nepal, Cambodia, El Salvador, Honduras and more than 40, Other countries with thriving clothing industries based on exports. They are attempting to come to terms with the elimination at the end of 2004 of quotas that have governed their exports to the world's biggest markets: America and the European Union. The quotas have restrained some countries Exports, but in others have created an export that might no otherwise have existed.

**01. An appropriate title for the passage would be**
A. The history of shirts
B. China's quotas in the shirt industry
C. Quotas and the Garment industry
D. The export industry

ব্যাখ্যা ঃ Passage এর 1st Para তে Garment এর বিভিন্ন উপাদান নিয়ে আলোচনা করা হয়েছে এবং 2nd Para তে garment কিভাবে জড়িত তা নিয়ে বলা হয়েছে।
**Ans : C.**

**02. An example of a man-made fiber in 1.3 is:**
A. silk B. cotton
C. polyester D. linen

ব্যাখ্যা ঃ Silk - রেশমের তৈরী সুতা Cotton - তুলার সুতা
Polyester - কৃত্রিম সুতা Liner - পাটের সুতা
Polyester হচ্ছে মানুষের হাতে প্রস্তুত সুতা।
**Ans : C.**

**03. nimble-fingered in 1.5 used as:**
A. a modifier B. nominative
C. a possessive D. an auxiliary

ব্যাখ্যা ঃ **Modifier** এর কাজ হচ্ছে অন্য শব্দ কে বিশেষিত করে। যেমন - এখানে nimble - fingered দ্বারা মূল শব্দ Operators কে বিশেষিত করছে। অর্থ্যাৎ Operators দের একটা গুন বোঝাচ্ছে। তাই এখানে nimble - fingered modifier হিসেবে কাজ করছে।
**Nominative** দ্বারা কর্তাকে বোঝানো হয়, অর্থ্যাৎ verb (ক্রিয়া) এর Subject (কর্তা) কে বোঝানো হয়।
**Possessive** দ্বারা সাধারনত Ownership স্বত্ব বোঝায়।
যেমন : I went to karim's house. এখানে karim's possessive হিসেবে ব্যবহৃত হয়েছে।
**Auxilary** দ্বারা সহায়ক বোঝায় যেমন - He has gone এখানে auxilary হিসেবে has ব্যবহৃত হয়েছে, Principle verb 'gone' এর সহায়ক হিসেবে।
**Ans : A.**

**04. An antonym for complicated in 1.1 is:**
A. Complex B. confused
C. sophisticated D. simple

ব্যাখ্যা ঃ Complicate - জটিল
**Synonym** - Complex, Sophisticated, Composit, Mixed
**Antonym** - Simple, Direct, Uniform.
**Ans : D.**

**05. A synonym for urgency in 1.7 is:**
A. pressing B. preliminary
C. pressurizing D. urge

ব্যাখ্যা ঃ Urgency - অত্যাবশ্যকীয়তা
**Synonym** : Pressing, Desperation, Instancy
**Antonym** : Peace.
**Ans : A.**

**06. A thriving industry is:**
A. one that isn't doing well
B. one that is picking up
C. one that is doing well
D. one that is closing down

ব্যাখ্যা ঃ Thrive - উন্নতি বা সাফল্য অর্জন করা।
সুতরাং Thriving industry মানে যে industry উন্নতি বা সাফল্য লাভ করছে। অপশন (C) তে বলা আছে One that is doing well অর্থ্যাৎ যেটা ভালো করছে / সাফল্য লাভ করছে।
**Ans : C.**

**07. The elimination of quotas (1.10) implies that quotas will be:**
A. extended B. terminated
C. simplified D. contested

ব্যাখ্যা ঃ Elimination - উচ্ছেদ বা বর্জন বা বাতিল করা
Extend - সম্প্রসারিত করা Simplified - সহজসাধ্য করা
Terminate - সমাপ্তি টানা Contested - প্রতিবাদ করা
"Elimination of quota" দ্বারা কোটা ব্যবস্থা বাতিল বোঝানো হয়েছে। আর "Termination of quota" দ্বারা কোটা ব্যবস্থার সমাপ্তি টানা হয়েছে।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**08. To say that quotas have governed (1.10) exports to the world's biggest markets means that they have.**

A. administered exports B. controlled exports
C. diverted exports D. asssisted exports

ব্যাখ্যা ঃ Govern - শাসন / নিয়ন্ত্রণ করা
Quotas have governed exports দ্বারা quota ব্যবস্থার মাধ্যমে রপ্তানি নিয়ন্ত্রন করার কথা বলা হয়েছে।
Administered exports - Export পরিচালনা করা।
Diverted exports - Export পরিচালনা গতি পাল্টিয়ে দেয়।
Controlled exports - Export নিয়ন্ত্রন করা।
Assisted exports - Export কে সহায়তা করে।
সুতরাং অপশন (B) ই সঠিক ভাবে মিলে যায়।
**Ans : B.**

**09. Quotas have in some cases restrained (1.11) exports; in others world's they have sometimes been**

A. help B. hindrance
C. stimulant D. cause of worry

ব্যাখ্যা ঃ Restrain - বাধাগ্রস্থ করা
Hindrance - বাধা, অন্তরায়
**Ans : B.**

**10. I'm trying to calulate-**

A. how many money you owe me
B. you owe me how much money
C. you owe me how many money
D. how much money you owe me

ব্যাখ্যা ঃ Many সাধারণত Countable noun এর ক্ষেত্রে বসে। Much সাধারনত Uncountable noun এর ক্ষেত্রে বসে। Money যেহেতু Uncountable noun তাই পূর্বে much বসবে। আর দুটি Sentence কে যুক্ত করতে Subordinate Conjunction হিসেবে W/h word ব্যবহৃত হতে পারে। তাই how much sentence দুটির মাঝে বসবে।
**Ans : D.**

**11. Choose correct passive voice of the following sentence' 'All of his friends laughed at him'**

A. He laughed at all of his friends
B. He was lalughed at by all of his friends
C. All his friends had laughed at him
D. All his friends were laughed at by him

ব্যাখ্যা ঃ

| Tense | Active Structure | Passive Structure |
|---|---|---|
| 1. Present Indefinite | sub + verb + obj<br>I eat rice | sub + am/is/are + vpp (+by + obj)<br>Rice is eaten by me. |
| 2. Present Continuous | sub + am/is/are + verb-ing + o<br>I am eating rice | sub + am/is/are being + vpp<br>Rice is being eaten by me. |
| 3. Present Perfect | sub + have/has + vpp + o<br>I have eaten rice | sub + have/has been + vpp<br>Rice has been eaten by me. |
| 4. Past Indefinite | sub + verb- past + obj<br>I ate rice | sub + was/were + vpp<br>Rice was eaten by me |
| 5. Past continuous | sub + was/were + v-ing + obj<br>I was eating rice | sub + was/were being + vpp<br>Rice was being eaten by me |
| 6. Past Perfect | sub + had + vpp + obj<br>I had eaten rice | sub + had been + vpp<br>Rice had been eaten by me |
| 7. Future Indefinite | sub + shall/will + verb + obj<br>I shall eat rice | sub + shall/will be + vpp<br>Rice will be eaten by me |
| 8. Future continuous | sub+shall/will be + v-ing + obj | sub + shall/will be being + vpp |
| 9. Future perfect | sub + shall/will have + vpp + obj | sub+shall/will have been + vpp |

উপরোক্ত প্রশ্নে 4 no rule টি প্রযোজ্য হবে।
**Ans : B.**

**12. There were____reactions after the bill was passed.**

A. a mix B. mix C. mixed D. missed

ব্যাখ্যা ঃ Sentence টি Passive form এ হবে। তাই verb এর past participle form এ বসবে।
**Ans : C.**

**13. A synonym of 'functional' is**

A. practical B. passive C. peculiar D. pedantic

ব্যাখ্যা ঃ Functional - ব্যবহারিক
**Synonym :** Practical, Utilitarian, Operative, Handy
**Antonym :** Worthless, Useless
**Ans : A.**

**14. The idiom man does not live by bread alone means**

A. man needs water too
B. Hunger is a relative concept
C. man needs other things too
D. man is never content

ব্যাখ্যা ঃ Man does not live by bread - মানুষ শুধু খেয়ে বাঁচে না। এর অর্থ দাড়ায় "বাঁচার জন্য আছে অনেক কিছুর প্রয়োজন হয়" অর্থ্যাৎ Man needs other things too.
**Ans : C.**

**15. Find the misspelt word.**

A. separate B. raisin C. psychology D. taming

ব্যাখ্যা ঃ সবগুলো বানান ই সঠিক
সঠিক উত্তর ঃ নেই.

**16. This book___ first published in 1985**

A. has been B. was C. is D. was being

ব্যাখ্যা ঃ Sentence টি Passive form এ হবে।
We use past indefinite for something in the past, something which is finished.
I told you five minutes ago.
একইভাবে, আলোচ্য question এ past indefinite tense হবে।
**Ans : B.**

**17. Learners of English a foreign language often fail to____between unfamilliar sounds in that language-**

A. separate B. differ
C. distinguish D. solve

ব্যাখ্যা: Differ দ্বারা সাধারনত ভিন্নতা বোঝায়।
Distinguish দ্বারা দুটি জিনিসের পার্থক্য বোঝায়।
**Ans : C.**

**18. The university will build a new dormitory___ campus.**

A. on B. in C. over D. with

ব্যাখ্যা ঃ এখানে campus এ dormitory তৈরি করা হবে। তাই campus এর আগে on বসবে।
**Ans : A.**

**19. Her grades have improved, but only-**

A. in a small amount B. very slightly
C. minimum D. some

ব্যাখ্যা ঃ যৎ সামান্য বোঝাতে Very slightly বসবে।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**20. Identify the correct antonym of the word 'reticent'__**

A. reserved B. a person who talks less
C. dumb D. talkative

ব্যাখ্যা ঃ Reticent - স্বল্পভাষী
**Synonym :** Bashful, Reserved, Silent
**Antonym :** Talkative, Extrovert, Communicative.
**Ans : D.**

**21. I have lived near the railway for so long now that I've grown____ to the noise of the trains.**

A. accustomed B. familiar
C. unconscious D. aware

ব্যাখ্যা ঃ যেহেতু আমি railway এর পাশে থাকি, তাই train এর আওয়াজ শুনতে আমি অভ্যস্ত।
এখানে অভ্যস্ততা বোঝাতে accustomed ব্যবহৃত হয়েছে।
**Ans : A.**

**22. The correct translation of ' এটি কিভাবে করতে হয় তা জানি।' is**

A. I know two doing it B. I know to do it how
C. I know how to do it D. I know about doing it

**Ans : C.**

**23. A Machiavellian character is___**

A. an honest person B. a cunning person
C. A romantic person D. a wise person

ব্যাখ্যা ঃ Machiavellian Character - ছলে বলে কৌশলে স্বার্থ হাসিল করে যে।
Cunning Person - ধূর্ত ব্যক্তি
**Ans : B.**

**24. I want___ more careful with your homework in future**

A. you be B. you to be
C. that you are D. you will be

**Ans : B.**

**25. The president said that the__ situation was very serious**

A. economical B. economic
C. economy D. economics

ব্যাখ্যা ঃ Economical - মিতব্যয়ী Economic - অর্থনৈতিক
Economy - অর্থ ব্যবস্থা Economics - অর্থনীতি
সুতরাং, fill in the gaps এ Economic শব্দটাই বেশী উপযুক্ত।
**Ans : B.**

## সাধারণ জ্ঞান

### বাংলাদেশ বিষয়াবলি

**০১. বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একটি–**

ক. স্বায়ত্তশাসিত সংস্থা খ. সাংবিধানিক সংস্থা
গ. কর্পোরেট সংস্থা ঘ. আধাস্বায়ত্তশাসিত সংস্থা

ব্যাখ্যা: বাংলাদেশের কিছু সাংবিধানিক প্রতিষ্ঠান-
- নির্বাচন কমিশন।
- মহাহিসাব - নিরীক্ষক ও নিয়ন্ত্রক।
- সরকারী কর্ম কমিশন।

**সঠিক উত্তর : খ.**

**০২. ময়নামতি কোন সভ্যতার নিদর্শন?**

ক. বৌদ্ধ সভ্যতার খ. হিন্দু সভ্যতার
গ. খ্রিস্টীয় সভ্যতার ঘ. মুসলিম সভ্যতার

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১১-২০১২) এর বাংলাদেশ বিষয়াবলীর (১২) নং দেখ।
**সঠিক উত্তর : ক.**

**০৩. দি ডেইলি স্টার পত্রিকার প্রতিষ্ঠা সম্পাদক–**

ক. মাহফুজ আনাম খ. কে. এম. এ. মুনীম
গ. এস. এম আলী ঘ. আবদুস সালাম

ব্যাখ্যা: • Daily Star এর প্রতিষ্ঠাতা সম্পাদক - সৈয়দ মোহাম্মদ আলী।
• Daily Star এর বর্তমান সম্পাদক - মাহফুজ আনাম
• ১৯৯১ সালে Daily Star প্রতিষ্ঠা লাভ করে।
**সঠিক উত্তর : গ.**

**০৪. বাংলাদেশের প্রধানমন্ত্রী হতে হলে ন্যূনতম কত বয়স দরকার?**

ক. ৩০ বছর খ. ২৫ বছর গ. ৩৫ বছর ঘ. ৪০ বছর

ব্যাখ্যা: রাষ্ট্রপতির সর্বনিম্ন বয়স - ৩৫ বছর
প্রধানমন্ত্রির সর্বনিম্ন বয়স - ২৫ বছর
সংসদ সদস্যের সর্বনিম্ন বয়স - ২৫ বছর
**সঠিক উত্তর : খ.**

**০৫. বাংলাপিডিয়ার প্রকাশক–**

ক. বাংলা একাডেমী খ. এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ
গ. ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০০৯-২০১০) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৮) নং দেখ।
**সঠিক উত্তর : খ.**

**০৬. 'ম্যাডোনা ১৯৪৩' হলো-**

ক. কামরুল হাসানের চিত্রকর্ম খ. রশীদ চৌধুরীর টেরাকোটা
গ. জয়নুল আবেদীনের চিত্রকর্ম ঘ. জহির রায়হানের চলচ্চিত্র

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (২৪) নং দেখ।
**সঠিক উত্তর : গ.**

**০৭. "আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো..." গানটির সুরকার-**

ক. আবদুল লতিফ খ. আবদুল আহাদ
গ. আলতাফ মাহমুদ ঘ. আবদুল গাফফার চৌধুরী

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০০৯-২০১০) এর বাংলাদেশ বিষয়াবলীর (০২) নং দেখ।
**সঠিক উত্তর : গ.**

**০৮. 'বনি আদম' গ্রন্থের রচয়িতা-**

ক. মীর মশাররফ হোসেন খ. ইসমাইল হোসেন সিরাজী
গ. ফররুখ আহমদ ঘ. গোলাম মোস্তফা

ব্যাখ্যা: • গোলাম মোস্তফা রচিত কাব্যগ্রন্থ -
রক্তরাগ, বুলবুলিস্তান, খোশরোজ, বনি আদম, গীতি সঞ্চয়ন।
• মীর মশাররফ হোসেন এর -
উপন্যাস - বিষাদ সিন্ধু, নাটক - বসন্তকুমারী ও জমিদার দর্পন।
• ফররুখ আহমদ এর -
কাব্যগ্রন্থ - সাত সাগরের মাঝি, মুহূর্তের কবিতা, হাতেম তায়ী।
• ইসমাইল হোসেন সিরাজী এর -
কাব্যগ্রন্থ - অনল প্রবাহ, স্পেন বিজয়, উপন্যাস - তারাবাই, রায়নন্দিনী।
**সঠিক উত্তর : ঘ.**

**০৯. কোনটি সক্রিয় স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান?**

ক. জেলা পরিষদ খ. উপজেলা পরিষদ
গ. ইউনিয়ন পরিষদ ঘ. গ্রাম পরিষদ

ব্যাখ্যা: • গ্রামাঞ্চলে তিন ধরনের স্থানীয় সরকার বিদ্যমান - ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ।
• শহরাঞ্চলে দুই ধরনের স্থানীয় সরকার বিদ্যমান - পৌরসভা ও সিটি কর্পোরেশন।
• স্থানীয় পর্যায়ে সবচেয়ে ক্ষুদ্রতম ও সক্রিয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান - ইউনিয়ন পরিষদ।
• ৬ এপ্রিল ২০০৯ গ্রাম সরকার বাতিল করা হয়।
**সঠিক উত্তর : গ.**

**১০. 'মোহামেডান লিটারারি সোসাইটি' এর প্রতিষ্ঠাতা কে?**

ক. নওয়াব আবদুল লতিফ খ. হাজী মুহম্মদ মুহসীন
গ. সৈয়দ আমির আলী ঘ. স্যার সলিমুল্লাহ

ব্যাখ্যা:
• মোহামেডান লিটারারি সোসাইটি এর প্রতিষ্ঠাতা - নওয়াব আবদুল লতিফ।
• সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান অ্যাসোসিয়েশান এর প্রতিষ্ঠাতা - সৈয়দ আমীর আলী।
• মোহামেডান অ্যাংলো ওরিয়েন্টাল স্কুল এর প্রতিষ্ঠাতা - স্যার সৈয়দ আহমদ।
**সঠিক উত্তর : ক.**

**১১. ১৯৭১ সালের কত তারিখে মুজিবনগর সরকার গঠিত হয়?**

ক. ৮ এপ্রিল খ. ১০ এপ্রিল গ. ১১ এপ্রিল ঘ. ১৭ এপ্রিল

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০০৮-২০০৯) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৭) নং দেখ।
**সঠিক উত্তর : খ.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১২. বাংলায় 'ঋণ সালিশি আইন' কার আমলে প্রণীত হয়?
ক. খাজা নাজিমুদ্দিন খ. এইচ. এস. সোহরাওয়ার্দী
গ. এ. কে. ফজলুল হক ঘ. নুরুল ইসলাম

ব্যাখ্যা: ১৯৫০ সালে এ কে ফজলুল হক এর আমলে ঋণ সালিশি আইন প্রণয়ন হয়েছিল।
সঠিক উত্তর : গ.

১৩. 'গম্ভীরা' কোন অঞ্চলের সঙ্গীত?
ক. রংপুর খ. সিলেট গ. রাজশাহী ঘ. চট্টগ্রাম

ব্যাখ্যা ঃ অঞ্চল ভেদে সঙ্গীত : গম্ভীরা - রাজশাহী, চাপাইনবাবগঞ্জ
ভাটিয়ালী - ময়মনসিংহ জারি - ময়মনসিংহ, ঢাকা।
ভাওয়াইয়া - রংপুর চটকা - রংপুর।
সঠিক উত্তর : গ.

১৪. বাংলাদেশের সর্বপ্রথম জাদুঘর কোনটি?
ক. সোনারগাঁও জাদুঘর খ. বরেন্দ্র গবেষণা জাদুঘর
গ. জাতীয় জাদুঘর ঘ. মুক্তিযোদ্ধা জাদুঘর

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১০-২০১১) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৪) নং দেখ।
সঠিক উত্তর : খ.

১৫. মুক্তিযুদ্ধে 'বীর প্রতীক' খেতাব প্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা কে?
ক. বেগম সুফিয়া কামাল খ. ডাঃ সেতারা বেগম
গ. আঞ্জুমান আরা ঘ. ডাঃ নীলিমা ইব্রাহিম

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৮) নং দেখ।
সঠিক উত্তর : খ.

১৬. দুনীর্তি দমন কমিশনের চেয়ারম্যান-
ক. বিচারপতি এম এ রউফ
খ. বিচারপতি জে অর মোদাচ্ছির হোসেন
গ. বিচারপতি সুলতান হোসেন খান
ঘ. বিচারপতি জয়নাল আবেদীন

ব্যাখ্যা: • দুর্নীতি দমন কমিশন বিল পাশ পায় - ১৭ ফেব্রুয়ারী ২০০৪
• দুর্নীতি দমন কমিশন আনুষ্ঠানিক যাত্রা শুরু করে - ২১ নভেম্বর ২০০৪।
• প্রথম চেয়ারম্যান - বিচারপতি সুলতান হোসেন।
• বর্তমান ও ৪র্থ চেয়ারম্যান - মো: বদিউজ্জামান।
সঠিক উত্তর : নেই.

১৭. রোকেয়া দিবস কোন তারিখে পালিত হয়?
ক. ৯ ডিসেম্বর খ. ১০ জানুয়ারি গ. ১৫ ফেব্রুয়ারি ঘ. ১০ এপ্রিল

ব্যাখ্যা: নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন এর জন্ম ৯ ডিসেম্বর ১৮৮০ এবং মৃত্যু ১৯৩২ সালের ৯ ডিসেম্বর। তাই ৯ ডিসেম্বরকে রোকেয়া দিবস হিসেবে পালন করা হয়।
সঠিক উত্তর : ক.

১৮. তেভাগা আন্দোলনের নেত্রী-
ক. সুমিত্রা দেবী খ. তারামন বিবি
গ. ইলা মিত্র ঘ. মহাশ্বেতা দেবী

ব্যাখ্যা: • ১৯৪৬ সালের ডিসেম্বর এ তেভাগা আন্দোলন শুরু হয়।
• তদানিন্তন পূর্ব বাংলা এবং পশ্চিমবঙ্গে এ আন্দোলন বেশ জোরদার ছিল।
• তেভাগা আন্দোলনের অগ্রদূত ছিলেন ইলামিত্র।
সঠিক উত্তর : গ.

১৯. কোন জেলা তুলা চাষের জন্য বেশি উপযোগী?
ক. রাজশাহী খ. ফরিদপুর গ. রংপুর ঘ. যশোর

ব্যাখ্যা: বিভিন্ন ফসলের অধিক উৎপাদনস্থল ও গবেষনা কেন্দ্র-

| ফসল | অধিক উৎপাদনস্থল | গবেষনা কেন্দ্র |
|---|---|---|
| ধান | বৃহত্তর বরিশাল, ময়মনসিংহ | জয়দেবপুর, গাজীপুর |
| পাট | রংপুর | তেজগাঁও, ঢাকা |
| গম | রংপুর | নশিপুর, দিনাজপুর |
| চা | মৌলভীবাজার | শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| তুলা | যশোর | ফার্মগেট, ঢাকা |
| রেশম | রাজশাহী, চাপাইনবাবগঞ্জ | রাজশাহী |

সঠিক উত্তর : ঘ.

২০. বাংলাদেশের কোন বিজ্ঞানী কলিঙ্গ পুরস্কার লাভ করেন?
ক. স্যার জগদীশচন্দ্র বসু
খ. ডাঃ আবদুল্লাহ আল-মুতী-শরফুদ্দীন
গ. ডাঃ কুদরত ই-খুদা·
ঘ. ডাঃ জামিলপুর রেজা চৌধুরী

ব্যাখ্যা: • আবদুল্লাহ্ আল-মুতী শরফুদ্দীন ১৯৮৩ সালে ইউনেস্কো কলিঙ্গ পুরস্কার লাভ করেন।
• বাংলা একাডেমী প্রকাশিত বিজ্ঞানকোষ এর সম্পাদক ছিলেন তিনি।
সঠিক উত্তর : খ.

২১. পাহাড়ি জনগণের পক্ষে পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি স্বাক্ষর করেন?
ক. মানবেন্দ্র নারায়ণ লারমা খ. রাজা দেবাশীষ রায়
গ. জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা ঘ. মণি স্বপন দেওয়া

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০০৭-২০০৮) এর বাংলাদেশ বিষয়াবলীর (২১) নং দেখ।
সঠিক উত্তর : গ.

২২. এ পর্যন্ত ঢাকায় ক'বার সার্ক সম্মেলন অনুষ্ঠিত হয়?
ক. এক খ. দুই গ. তিন ঘ. চার

ব্যাখ্যা: ঢাকায় সার্ক সম্মেলন হয়েছে ৩ বার
১৯৮৫ সাল, ১৯৯৩ সাল ও ২০০৫ সাল।
সঠিক উত্তর : গ.

২৩. বাংলাদেশে কোন সার্কভূক্ত দেশের দূতাবাস নেই?
ক. ভুটান খ. নেপাল গ. মালদ্বীপ ঘ. শ্রীলঙ্কা

সঠিক উত্তর : গ.

২৪. বর্তমান বাংলাদেশের কোন অংশকে 'সমতট' বলা হতো?
ক. কুমিল্লা ও নোয়াখালী খ. রাজশাহী ও বগুড়া
গ. চট্টগ্রাম ঘ. দিনাজপুর ও রংপুর

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০১১-২০১২) এর বাংলাদেশ বিষয়াবলীর (০২) নং দেখ।
সঠিক উত্তর : ক.

২৫. যৌতুক দেওয়া ও নেওয়ার সর্বোচ্চ শাস্তি-
ক. ১০ বছর কারাদন্ড খ. মৃত্যুদন্ড
গ. যাবজ্জীবন কারাদন্ড ঘ. পাঁচ বছর কারাদন্ড

সঠিক উত্তর : গ.

## আন্তর্জাতিক বিষয়াবলি

০১. যুক্তরাজ্য কত সালে চীনের নিকট হংকং নগরী হস্তান্তর করে?
ক. ১৯৯৮ সালে খ. ১৯৯৭ সালে গ. ১৯৯৯ সালে ঘ. ১৯৯৫ সালে

ব্যাখ্যা: হস্তান্তরিত হওয়া কতিপয় অঞ্চল -
• হংকং - ১ জুলাই ১৯৯৭, যুক্তরাজ্য হংকং কে চীনের নিকট হস্তান্তর করে।
• ম্যাকাও - পর্তুগাল ১৯ ডিসেম্বর ১৯৯৯ সালে, ম্যাকাও চীনের নিকট হস্তান্তর করে।
• ওকিনাওয়া - মার্কিন যুক্তরাষ্ট্র ১৯৭২ সালে ওকিনাওয়া জাপানের নিকট হস্তান্তর করে।
• সুবিক বে - মার্কিন যুক্তরাষ্ট্র ১৯৯২ সালে সুবিক বে ফিলিপাইনের নিকট হস্তান্তর করে।
• দিয়াগো গর্সিয়া - যুক্তরাজ্য ১৯৭৪ সালে দিয়াগো গর্সিয়া মার্কিন যুক্তরাষ্ট্রের নিকট হস্তান্তর করে।
সঠিক উত্তর : খ.

০২. জনগণের ভোটে নির্বাচিত প্রথম মহিলা সরকার প্রধানের নাম-
ক. শ্রীমাভো বন্দরনায়েকে খ. ইন্দিরা গান্ধী
গ. মার্গারেট থ্যাচার ঘ. গোল্ডা মায়ার

ব্যাখ্যা: • জনগনের সরাসরি ভোটে নির্বাচিত প্রথম নারী প্রধানমন্ত্রী - ভারতের ইন্দিরা গান্ধী (১৯৬০)।
• বিশ্বের প্রথম প্রধানমন্ত্রী (অনির্বাচিত) - শ্রীলংকার শ্রীমাভো বন্দর নায়েক (১৯৬০)।
সঠিক উত্তর : খ.

০৩. সেরা ছবি হিসেবে ৭৬তম (২০০৪ সন) অস্কার পুরস্কার পাওয়ার ছবি-
ক. ইভিল খ. বারবারিয়ান ইনভেশনস
গ. টুইন সিস্টার্স ঘ. লর্ড অব দ্য রিংস: দ্য রির্টান অব দ্য কিং

ব্যাখ্যা: • ২০১৬ সালে ৮৮ তম অস্কার বিজয়ী :
• চলচ্চিত্র - স্পটলাইট
সঠিক উত্তর ঃ ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**০৪. সর্বশেষ সার্ক শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছিল?**
ক. পাকিস্তান খ. বাংলাদেশ গ. ভারত ঘ. নেপাল

ব্যাখ্যা: • ১৭ তম সার্ক সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল মালদ্বীপে।
• ১৮ তম সার্ক সম্মেলন নেপালে অনুষ্ঠিত হবে।
**সঠিক উত্তর : নেই.**

**০৫. কোন দেশটি কিয়োটো প্রটোকল থেকে নিজেকে প্রত্যাহার করে নিয়েছে**
ক. মার্কিন যুক্তরাষ্ট্র খ. জাপান গ. ফ্রান্স ঘ. যুক্তরাজ্য

ব্যাখ্যা: • ১১ ডিসেম্বর ১৯৯৭, তারিখে জাপানের কিয়োটোতে কিয়োটো প্রটোকল স্বাক্ষরিত হয়।
• ১৯৯৮ সালে যুক্তরাষ্ট্র কিয়োটো প্রটোকল স্বাক্ষর করেছিল আবার ২০০১ সালে প্রত্যাহার করে নেয়।
• কিয়োটো প্রটোকলের মেয়াদ শেষ হয় ৩১ ডিসেম্বর ২০১২।
**সঠিক উত্তর : ক.**

**০৬. Wailing Wall কোথায় অবস্থিত?**
ক. জেরুজালেম খ. বার্লিন গ. চীন ঘ. মিশর

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০০৭-২০০৮) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১৭) নং দেখ।
**সঠিক উত্তর : ক.**

**০৭. উজবেকিস্তানের মুদ্রার নাম-**
ক. সোম খ. রুবল গ. ডলার ঘ. মানাত

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০১৩-২০১৪) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১৩) নং দেখ।
**সঠিক উত্তর : ক.**

**০৮. ইসরাইলের পার্লামেন্টের নাম কী?**
ক. মজলিস খ. নেসেট গ. ডায়েট ঘ. কংগ্রেস

ব্যাখ্যা: বিভিন্ন দেশের আইনসভার নাম-

| দেশের নাম | আইনসভার নাম | দেশের নাম | আইনসভার নাম |
|---|---|---|---|
| ডেনমার্ক | ফোকেটিং | জাপান | ডায়েট |
| ইসরাইল | নেসেট | মিয়ানমার | পিদাংসু |
| নরওয়ে | স্টরটিং | চীন | ন্যাশনাল পিপলস কংগ্রেস |

**সঠিক উত্তর : খ.**

**০৯. বিশ্বের কোন 'হিরিটেজ সাইট'তার ৩৫০তম বার্ষিকী পালন করছে?**
ক. তাজমহল খ. গিজার পিরামিড
খ. আলেকজান্দ্রিয়ার ঘ. ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান

ব্যাখ্যা: ভারতের আগ্রার তাজমহল ১৬৫৪ সালে মুঘল সম্রাট শাহজাহান নির্মান করেন।
**সঠিক উত্তর : ক.**

**১০. আইরিন খান কোন আন্তর্জাতিক সংস্থার প্রধান?**
ক. আন্তর্জাতিক শ্রম সংস্থা খ. ইউনিফেম
গ. অ্যামনেষ্টি ইন্টারন্যাশনাল ঘ. ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল

ব্যাখ্যা: • ২০০১ থেকে ২০০৯ সাল পর্যন্ত বাংলাদেশী আইরিন খান মানবাধিকার সংগঠন অ্যামেনেস্টি ইন্টারন্যাশনাল এর মহাসচিব ছিলেন।
• বর্তমান মহাসচিব ভারতের সলিল শেঠী।
• ২৮ মে ১৯৬১ তারিখে প্রতিষ্ঠিত হয়।
• সদর দপ্তর - লন্ডন, যুক্তরাজ্য
**সঠিক উত্তর : গ.**

**১১. পর্তুগিজ নাবিক ভাস্কো-দা-গামা কত সালে ভারতে পৌঁছেন?**
ক. ১৪৩৫ খ. ১৪৭৬ গ. ১৪৯২ ঘ. ১৪৯৮

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০০৯-২০১০) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১৬) নং দেখ।
**সঠিক উত্তর : ঘ.**

**১২. যে দিনটি মানবাধিকার দিবস হিসেবে পালিত হয়-**
ক. ১০ ডিসেম্বর খ. ৫ জুন গ. ১৪ অক্টোবর ঘ. ১১ মার্চ

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০১১-২০১২) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (০৮) নং দেখ।
**সঠিক উত্তর : ক.**

**১৩. কোন শহরে পৃথিবীর সর্বোচ্চ স্থাপনা অবস্থিত?**
ক. কুয়ালালামপুর খ. তাইপে গ. হংকং ঘ. সিঙ্গাপুর সিটি

ব্যাখ্যা: বর্তমানে বিশ্বের সর্বোচ্চ স্থাপনা বা বিল্ডিং বুর্জ খলিফা। এটি সংযুক্ত আরব আমিরাতের দুবাই এ অবস্থিত।
**সঠিক উত্তর : নেই.**

**১৪. 'ওআইসি'র বর্তমান মহাসচিব কোন দেশের?**
ক. তুরস্ক খ. মরক্কো গ. পাকিস্তান ঘ. সিরিয়া

ব্যাখ্যা: • ওআইসির বর্তমান ও ১১ তম মহাসচিব- আয়াদ বিন আমিন মাদানি (সৌদি আরব)।
**সঠিক উত্তর : নেই.**

**১৫.'সুনামি' শব্দটি কোন ভাষা থেকে নেওয়া হয়েছে?**
ক. জাপানি খ. ইন্দোনেশীয় গ. মালয় ঘ. সিংহলি

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০১০-২০১১) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৫) নং দেখ।
**সঠিক উত্তর : ক.**

**১৬. বিশ্ব শান্তিতে নারীর অবদানের স্বীকৃতিস্বরূপ ২০০১ সালে প্রবর্তিত পুরস্কারের নাম-**
ক. উইমেন পিস প্রাইজ খ. মিলোনিয়াম পিস প্রাইজ
গ. উইমেন ফর পিস ঘ. ইউনিফেম পিস প্রাইজ

**সঠিক উত্তর : ক.**

**১৭. জাতিসংঘ সনদ কোথায় স্বাক্ষরিত হয়?**
ক. নিউইয়র্ক খ. প্যারিস গ. সানফ্রান্সিসকো ঘ. লন্ডন

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০১০-২০১১) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (২৮) নং দেখ।
**সঠিক উত্তর : গ.**

**১৮. কোন দেশের সংবিধান অলিখিত?**
ক. যুক্তরাজ্য খ. চীন গ. যুক্তরাষ্ট্র ঘ. জাপান

ব্যাখ্যা: যুক্তরাজ্যের সংবিধান অলিখিত।
ম্যাগনাকার্টাকে বিট্রিশ শাসনতন্ত্রের বাইবেল বলা হয়।
**সঠিক উত্তর : ক.**

**১৯. ২০০৩ সালে নোবেল শান্তি পুরস্কারপ্রাপ্ত শিরিন ইবাদী কোন দেশের নাগরিক?**
ক. পাকিস্তান খ. তুরস্ক গ. মিশর ঘ. ইরান

ব্যাখ্যা: ২০১১ সালে শান্তিতে ইয়েমেন এর তাওয়াক্কল কায়মান নোবেল পুরস্কার পান।
**সঠিক উত্তর : ঘ.**

**২০. আন্তর্জাতিক হকিতে সর্বাধিক গোলদাতার নাম-**
ক. সোহেল আব্বাস খ. হাসান সর্দার গ. পল লিটজেনস ঘ. টেলি ওয়ালশ

**সঠিক উত্তর : ক.**

**২১. কোন রাষ্ট্রটি 'বাংলা' কে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে?**
ক. রুয়াডা খ. ইরিত্রিয়া গ. সিয়েরা লিওন ঘ. লাইবেরিয়া

ব্যাখ্যা: • ১২ ডিসেম্বর ২০০২ তারিখে, সিয়েরা লিওন বাংলা ভাষাকে সে দেশের অন্যতম ভাষা হিসেবে স্বীকৃতি দেয়।
**সঠিক উত্তর : গ.**

**২২. ভারতের কোন রাষ্ট্রপতি ভারতরত্ন সম্মানে ভূষিত হন?**
ক. ড. রাজেন্দ্রপ্রসাদ খ. ড. রাধাকৃষ্ণণ
গ. ড. জাকির হোসেন ঘ. ড. আবুল কালাম

**সঠিক উত্তর : ঘ.**

**২৩. ডেটন চুক্তির মাধ্যমে কোন সঙ্কটের পরিসমাপ্তি ঘটে?**
ক. বসনিয়া খ. কসোভো গ. সোমালিয়া ঘ. জর্জিয়া

ব্যাখ্যা: • ১৪ ডিসেম্বর ১৯৯৫ যুক্তরাষ্ট্রের ওহিও অঙ্গরাজ্যের রাইট-পেটারসন বিমান বন্দরে ডেটন চুক্তি স্বাক্ষরিত হয়।
• ডেটন চুক্তি স্বাক্ষরিত হয় বসনিয়া ও হার্জেগোভিনা, সার্বিয়া ও ক্রোয়েশিয়া এর মধ্যে।
• এই চুক্তির উদ্যোক্তা মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিন্টন।
**সঠিক উত্তর : ক.**

**২৪. কোনটি জোসেফ ই. স্টিগলিজের রচনা?**
ক. Development as Freedom
খ. Globalization and its Discontents
গ. Passage to India
ঘ. States and Markets

**সঠিক উত্তর : খ.**

**২৫. সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের অংশ হিসাবে মার্কিন যুক্তরাষ্ট্র কখন ইরাক আক্রমণ করে?**
ক. ফেব্রুয়ারি ২০০৩ খ. মার্চ ২০০৩
গ. এপ্রিল ২০০৩ ঘ. মে ২০০৩

ব্যাখ্যা: •২০ মার্চ ২০০৩ সালে ইঙ্গমার্কিন বাহিনী ইরাকে আক্রমন শুরু করে।
•৯ এপ্রিল ২০০৩ বাগদাদ নগরী পতনের মাধ্যমে ইরাক যুদ্ধ শেষ হয়।
**সঠিক উত্তর : খ.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার